



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576



নং-বামাশিবো/প্রশাসন/২৩৩১৮১২৬৮৩১১/রাজশাহী-৫৪/ ৬৬৬

তারিখঃ ১৬/০৫/২০১৯খ্রিঃ

বিষয়: চলমান ম্যানেজিং কমিটি ভেঞ্চে দিয়ে এডহক অনুমতি প্রসঙ্গে।

- সূত্র:
- ১। মাদ্রাসা শিক্ষা বোর্ডের স্মারক নং-বামাশিবো/প্রশাস/৬০২/রাজশাহী-৫৪; তারিখ: ২৬.০৯.২০১৮।
 - ২। উপজেলা নির্বাহী অফিসারের স্মারক নং-০৫.৪৩.৮১৫৩.০০০.০৯.০০১.১৮-১৩৩৩; তারিখ: ০৯.১২.২০১৮।
 - ৩। মাদ্রাসা শিক্ষা বোর্ডের স্মারক নং-বামাশিবো/প্রশাস/৬৩৯/নথি নং-৫৪; তারিখ: ০৩.০৩.২০১৯।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, রাজশাহী জেলার মোহনপুর উপজেলাধীন ধুরইল ইসলামিয়া বালিকা দাখিল মাদ্রাসার সুপার এর বিরুদ্ধে ছাত্র অভিভাবক ও প্রতিষ্ঠাতা সদস্য মো. কায়ুম সরকার অত্র বোর্ডে কাগজপত্রসহ অভিযোগ দাখিল করেছেন। অভিযোগপত্রে উল্লেখ করা হয়েছে যে, সুপার বিধি মোতাবেক কার্যক্রম গ্রহণ না করায় ম্যানেজিং কমিটি গঠন করা সম্ভব হলো না মর্মে প্রিজাইডিং অফিসার কর্তৃক পত্র দেয়া সত্ত্বেও সুপার কর্তৃক অবৈধভাবে কাগজপত্র সৃজন করে কমিটি গঠন করে বোর্ডে অনুমোদনের জন্য আবেদন করেছেন।

উপরিলিখিত অভিযোগসহ মাদ্রাসার সার্বিক বিষয়ে সরেজমিনে তদন্তপূর্বক মতামতসহ প্রতিবেদন প্রেরণের জন্য উপজেলা নির্বাহী অফিসার মোহনপুর, রাজশাহীকে সূত্রে উল্লিখিত ১নং স্মারকে পত্র দেয়া হয়। পত্রের প্রেক্ষিতে উপজেলা নির্বাহী অফিসার সূত্রোক্ত ২নং স্মারকে একটি প্রতিবেদন বোর্ডে প্রেরণ করেন। প্রতিবেদনে তদন্তকারী কর্মকর্তা বলেন-অনুমোদিত ম্যানেজিং কমিটি গঠনে লক্ষ্যে যে সমস্ত সমর্থনীয় কাগজপত্র দাখিল করা হয়েছে তার কপি মাদ্রাসা প্রধানের কাছে চাওয়া হয়। কিন্তু মাদ্রাসা প্রধান উক্ত কাগজপত্র তাঁকে দেখাননি। যেহেতু মাদ্রাসা প্রধান ম্যানেজিং কমিটির অনুমোদনের জন্য সমর্থনীয় কাগজপত্র দেখাতে পারেন নি সেহেতু উক্ত ম্যানেজিং কমিটি গঠনের স্বাভাবিক প্রক্রিয়া এক্ষেত্রে অনুসরণ করা হয়নি মর্মে মতামত প্রদান করেছেন।

উপজেলা নির্বাহী অফিসার, মোহনপুর, রাজশাহী কর্তৃক প্রেরিত প্রতিবেদনে ম্যানেজিং কমিটি গঠনের স্বাভাবিক প্রক্রিয়া অনুসরণ করা হয়নি মর্মে প্রতীয়মান হওয়ায় বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা (গভার্ণিং বডি ও ম্যানেজিং কমিটি) প্রবিধানমালা-২০০৯ এর প্রবিধান ৩৮ (১) এর ক্ষমতা বলে অত্র বোর্ড হতে নং-বামাশিবো/প্রশা/২২৪১৮১২৬৮৩১১/১০৬৫২/নথি নং-৫৪; তারিখ: ১৫/০৭/২০১৮ খ্রি.স্মারকে অনুমোদিত ম্যানেজিং কমিটি কেন ভেঞ্চে দেয়া হবে না তা আগামী ৩০(ত্রিশ) কার্যদিবসের মধ্যে তার সন্তোষজনক জবাব দাখিল করার জন্য মাদ্রাসা প্রধানকে সূত্রোক্ত ৩নং স্মারকে কারণ দর্শানোর জন্য পত্র দেয়া। উক্ত কারণ দর্শানোর প্রেক্ষিতে মাদ্রাসা প্রধান যে লিখিত জবাব দাখিল করেছেন তা সন্তোষজনক নয়।

বর্ণিত অবস্থায় মাদ্রাসা প্রধানের লিখিত জবাব সন্তোষজনক না হওয়ায় তদন্ত প্রতিবেদনের পরিপ্রেক্ষিতে চলমান ম্যানেজিং কমিটি ভেঞ্চে দেয়া হলো এবং সুপার কর্তৃক এডহক কমিটির অনুমতি চাওয়ার জন্য অনুরোধ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

১৬.০৫.১৯

মোঃ সিদ্দিকুর রহমান
রেজিস্ট্রার

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোনঃ ৯৬১২৮৫৮

প্রাপক
সভাপতি/সুপার, ধুরইল ইসলামিয়া দাখিল মাদ্রাসা
পো: ধুরইল, উপজেলা: মোহনপুর, জেলা: রাজশাহী।

নং-বামাশিবো/প্রশাসন/২৩৩১৮১২৬৮৩১১/রাজশাহী-৫৪/ ৬৬৬

তারিখঃ ১৬/০৫/২০১৯খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি:

১. জেলা প্রশাসক, রাজশাহী।
২. জেলা শিক্ষা অফিসার, রাজশাহী।
৩. উপজেলা নির্বাহী অফিসার, মোহনপুর, রাজশাহী।
৪. চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা (মহোদয়ের অবগতির জন্য)।
৫. পি এ টু রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৬. অফিস কপি।

মোঃ মজিবুর রহমান
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোনঃ ৯৬৭৪৮৭৪